

# এইচএসসি পরীক্ষা জুনের শেষ সপ্তাহে

নিজস্ব  
প্রতিবেদক

১৪ ফেব্রুয়ারি,  
২০২৪ ০০:০০

শেয়ার

অ +

অ -



চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষা দ্রুত আয়োজনের প্রস্তুতি নিচ্ছে বাংলাদেশ আন্তর্জাতিক শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি। ঈদুল আজহার পরই এই পরীক্ষা অনুষ্ঠিত হতে পারে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা। ঈদুল আজহা অনুষ্ঠিত হবে ১৭ জুন। সেই হিসাবে জুনের শেষ সপ্তাহে এইচএসসি ও সমমান পরীক্ষা অনুষ্ঠিত হতে পারে।

গতকাল মঙ্গলবার আস্ত শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি এবং ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার এ তথ্য জানান।

অধ্যাপক তপন কুমার কালের কণ্ঠকে বলেন, ‘এইচএসসি ও সমমান পরীক্ষা আয়োজনের প্রস্তুতি শুরু হয়েছে। আমরা চাই, ঈদুল আজহার পরপরই এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। সেই লক্ষ্য নিয়েই কাজ করছি।

তবে পরীক্ষার দিন-তারিখ নির্ধারণ করে এখনো শিক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠানো হয়নি। প্রস্তাব পাঠানোর পর মন্ত্রণালয় থেকে অনুমোদন দেওয়া হলে তা বিজ্ঞপ্তি আকারে জানিয়ে দেওয়া হবে।’ প্রতিবছর এপ্রিল মাসে এইচএসসি পরীক্ষা আয়োজন করা হলেও করোনার কারণে তা পিছিয়ে ডিসেম্বর পর্যন্ত গড়িয়েছে। এর পর ধীরে ধীরে এই সময় কমিয়ে আনার সিদ্ধান্ত নিয়েছে সরকার।

